দৈনিক ইনকিলাব

তারিখ 01 JAN 1997
পৃঃ 7 কলাম 8

20

চঃ বিঃ শিক্ষক সমিতির নির্বাচন

## সরকার সমর্থক গোলাপী প্যানেলের জয়লাভ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টারঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে সরকার সমর্থক বাঙালী জাতীয়তাবাদে

(২৩-এর পাতায় দেখুন)

## চঃ বিঃ শিক্ষক সমিতি

প্রথম পৃষ্ঠার পর

বিশ্বাসী গোলাপী প্যানেল জয়লাভ করেছে। গতকাল (মঙ্গলবার) অনুষ্ঠিত সমিতির ১১টি পদের নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ গোলাপী প্যানেল ৯টি পদে জয়লাভ করেছে। অন্যদিকে বিএনপি ও জামায়াত সমর্থক বাংলাদেশী জাতীয়তাবাদী ও ইসদল্মী মূল্যবোধে বিশ্বাসী সাদা প্যানেল ২টি সদস্য পদে জয়লাভ করেছে। সর্বমোট ৪৪৪ জন ভোটারের মধ্যে ৩৯০ জন ভোট প্রদান করেন। নির্বাচিত সভাপতি ব্যবস্থাপনা বিভাগের প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ পেয়েছেন ২১৮ ভোট। তার প্রতিদ্বন্দ্বী ফিন্যান্স বিভাগের চেয়ারম্যান কাজী আহমদ নবী (সাদা) পেয়েছেন ১৬৩ ভোট। সাধারণ সম্পাদক পদে রসায়ন বিভাগের প্রফেসর আলাউদ্দিন ২০৮ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী উদ্ভিদ বিজ্ঞানের অধ্যাপক আবদুল গফুর (সাদা) পেয়েছেন ১৭১ ভোট। সহ-সভাপতি পদে নির্বাচিত উদ্ভিদ বিজ্ঞানের অধ্যাপক ডঃ নূরুল আনোয়ার ১৯৩ ভোট পেয়েছেন। প্রতিদ্বন্দ্বী রাজনীতি বিজ্ঞানের অধ্যাপক হাসান মোহাম্মদ (সাদা) পেয়েছেন ১৮৯ ভোট। কোষাধ্যক্ষ পদে নির্বাচিত গোলাপী প্যানেলের ডঃ সুলতান আহমদ (হিসাব বিজ্ঞান) পেয়েছেন ২৩০ ভোট। প্রতিদ্বন্দ্বী ডঃ আবদুল মোক্তাদের (ফিন্যান্স) পেয়েছেন ১৪৫ ভোট। যুগ্ম সম্পাদক পদে ডঃ তৌহিদ হোসেন চৌধুরী সহকারী (প্রক্টর) পেয়েছেন ২০১ ভোট, প্রতিদ্বন্দ্বী তারেক বিন সাফা (মার্কেটিং) পেয়েছেন ১৭৭ ভোট। সদস্য পদে নির্বাচিত রাজনীতি বিজ্ঞানের অধ্যাপক সমিতির সাবেক সাধারণ সম্পাদক ডঃ সিদ্দিক আহমদ চৌধুরী (সাদা) ২৩০ ভোট, আইন অনুষদের ডীন ডঃ শাহ আলম (গোলাপী) ২২১ ভোট, অর্থনীতির অধ্যাপক সালেহ উদ্দিন (গোলাপী) ২০৮ ভোট, পদার্থ বিজ্ঞানের অধ্যাপিকা হামিদা বানু (গোলাপী) ১৯৯ ভোট, মার্কেটিং-এর চেয়ারম্যান নূরুদ্দীন চৌধুরী (সাদা) ১৯৬ ভোট এবং আরবী ও ইসলামিক স্টাডিজ-এর প্রফেসর শরফুদ্দীন ১৮৭ ভোট পেয়েছেন। সদস্য পদে প্রতিদ্বন্দ্বী অপর ৬ জন যথাক্রমে সাদা প্যানেলের অধ্যাপক আবদুল মতিন ও অধ্যাপক মোজাফফর আহমদ চৌধুরী ১৮৪ ভোট, প্রফেসর নূরুল ইসলাম ১৭৭ ভোট, ডঃ হারুনুর রশিদ ১৬৫ ভোট, গোলাপী প্যানেলের প্রফেসর সৌরেন বিশ্বাস ১৫৭ ভোট ও হোসাইন কবির ১৭৬ ভোট পেয়েছেন।